

টেক্সটাইল খাতের উন্নয়নে এআইয়ের ব্যবহার বৃদ্ধি করতে হবে : শিক্ষামন্ত্রী

অনলাইন ডেস্ক

প্রকাশ: ২০ জুন, ২০২৬ ১৭:০৪



বৃক্ষরোপণ কর্মসূচিতে শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। ছবি : সংগৃহীত

শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন বলেছেন, ‘টেক্সটাইল খাতের উন্নয়নে কৃত্তিম বুদ্ধিমত্তার (এআই) ব্যবহার বৃদ্ধি করতে হবে।’

আজ শনিবার (২০ জুন) বাংলাদেশ ইউনিভার্সিটি অব
টেক্সটাইলস-এ ‘চতুর্থ ইন্টারন্যাশনাল কনফারেন্স অন
টেক্সটাইল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং’-এ প্রধান অতিথির
বক্তব্যে তিনি এ কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, ‘টেক্সটাইল খাত বাংলাদেশের অন্যতম
গুরুত্বপূর্ণ খাত। তৈরি পোশাক রপ্তানিতে বাংলাদেশের
অবস্থান বিশ্বে দ্বিতীয়। কিন্তু এই খাতে বিভিন্ন চ্যালেঞ্জও
রয়েছে। টেক্সটাইল খাতের উন্নয়নে কৃতিম বুদ্ধিমত্তার
(এআই) ব্যবহার বৃদ্ধি করতে হবে।

তিনি বলেন, ‘আমরা টেক্সটাইল খাতে বিশ্বে নেতৃত্ব দিতে চাই। এ জন্য এ ক্ষেত্রে গবেষণা বৃদ্ধি করতে হবে। পাশাপাশি গতানুগতিকতার বাইরে এসে উদ্ভাবনী ধারণা সংযোজন করতে হবে।’

তিনি আরো বলেন, ‘এখন বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতেও টেক্সটাইল বিষয় যুক্ত করা হচ্ছে।

বিশ্ববিদ্যালয়গুলোতে আধুনিক ল্যাবের সুবিধা থাকতে হবে যেন তারা আধুনিক বিশ্বের সঙ্গে কিভাবে প্রতিযোগিতা করতে হবে তা শিখতে সক্ষম হয়।’

এ সময় মন্ত্রী ‘গ্রিন টেক্সটাইল’ ও রিসাইক্লিং ব্যবস্থা জোরদারের ওপর গুরুত্বারোপ করেন।

কনফারেন্সে জার্মানির হোখশুলে নিডাররাইন ইউনিভার্সিটি অব অ্যাপ্লায়েড সায়েন্সেসের অধ্যাপক

বাস্টিয়ান কুয়াটেলবাম মূল প্রবন্ধ উপস্থাপন করেন।

বাংলাদেশ ইউনিভার্সিটি অব টেক্সটাইলসের ভাইস
চ্যান্সেলর প্রফেসর ড. মো. জুলহাস উদ্দিনের
সভাপতিত্বে অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের
চেয়ারম্যান প্রফেসর ড. মামুন আহমেদ বিশেষ অতিথি
হিসেবে উপস্থিত ছিলেন।

এর আগে মন্ত্রী দেশব্যাপী ২৫ কোটি বৃক্ষরোপণ
কর্মসূচির অংশ হিসেবে বাংলাদেশ টেক্সটাইল
বিশ্ববিদ্যালয়ের (বুটেক্স) বৃক্ষরোপণ কর্মসূচি ২০২৬-এর
উদ্বোধন করেন।